তারিখ 2-6-JAN-2016
পৃঃ ৫ কলাম ৩

সমকাল

# টাঙ্গাইলে দেড় লক্ষাধিক শিক্ষার্থী তিন বিষয়ের বই পায়নি

■ টাঙ্গাইল প্রতিনিধি

টাঙ্গাইলে তিন উপজেলার ১৭৯টি বিদ্যালয়ের দেড় লক্ষাধিক শিক্ষার্থী এখনও তিন বিষয়ের বই পায়নি। এতে শিক্ষার্থীদের পড়াশোনায় ব্যাঘাত ঘটছে।

টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, জেলার ১২টি উপজেলায় এক হাজার ৫৬৬টি প্রাথমিক বিদ্যালয়ে জানুয়ারির প্রথম দিনেই বই বিতরণ করা হয়েছে। শুধু টাঙ্গাইল সদর, ভূঞাপুর ও মধুপুর উপজেলার ২৭৯টি বিদ্যালয়ে দেড় লক্ষাধিক শিক্ষার্থীর হাতে মাত্র তিনটি করে বই পৌঁছেছে। সদর উপজেলার ১৬২টি, ভূঞাপুরে ১০৮টি ও মধুপুরে ১০৯টি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের শুধু বাংলা, অঙ্ক ও ইংরেজি বই দেওয়া হয়েছে। বিজ্ঞান, পরিবেশ পরিচিতি সমাজ ও ইসলাম শিক্ষা বই এক মাস অতিবাহিত হতে চললেও বিদ্যালয়ে পৌঁছায়নি।

স্টার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর ছাত্র রুবেল জানায়, স্কুল থেকে মাত্র তিনটি বই দিয়েছে। প্রতিদিনই বই দেওয়ার কথা বলে স্যাররা তাদের ঘুরাচ্ছে। সদর উপজেলার মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর অভিভাবক স্বপন সাহা বলেন, এক মাস হলো বই নেই। শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের এ ব্যাপারে কোনো মাথাব্যথা নেই। মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাইয়ার জাহান বলেন, উপজেলা শিক্ষা কর্মকর্তাকে এ বিষয়ে অবহিত করা হয়েছে। টাঙ্গাইল সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা আলমগীর হোসেন বলেন, চেষ্টার ঘাটতি নেই। বই যেখানে ছাপানো হয় সেখানেও কথা বলেছি। ছাপাখানা বই সরবরাহ না করায় শিক্ষার্থীদের বই দেওয়া সম্ভব হয়নি। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এনামুল হক জানান, তিনি ও জেলা প্রশাসক এ ব্যাপারে মন্ত্রণালয়ে আলাদা চিঠি দিয়েছেন।

এ ব্যাপারে জেলা প্রশাসক মো. মাহবুব হোসেন বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বই না পাওয়ার বিষয়টি জানা নেই। খোঁজ-খবর নিচ্ছি বলে তিনি জানান।